# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৮৯৯

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - মু'জিযার বর্ণনা

الفصل الاول (بَاب فِي المعجزا)

আরবী

وَعَن أبي أَيُّوب قا ل: خَرَجَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَدْ وَجَبَتِ الشَّمْسُ فَسَمِعَ صَوْتًا فَقَالَ: «يَهُودُ تُعَذَّبَ فِي قبورها» . مُتَّفق عَلَيْهِ

متفق علیہ ، رواہ البخاری (1375) و مسلم (69 / 2869)، (7215) ـ
(مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৫৮৯৯-[৩২] আবূ আইয়ুব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন নবী (সা.) সূর্যাস্তের পর বাইরে আসলে একটি আওয়াজ শুনতে পেলেন। তখন তিনি (সা.) বললেন, এটা ইয়াহূদীদের আওয়াজ, তাদেরকে কবরে শাস্তি দেয়া হচ্ছে। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ১৩৭৫, মুসলিম ৬৯-(২৮৬৯), নাসায়ী ২০৫৯, মুসনাদে আহমাদ ২৩৫৮৬, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ২১৮৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীসে বলা হয়েছে, রাসূলুল্লাহ (সা.) একটি আওয়াজ শুনলেন। সেটি কিসের আওয়াজ ছিল? তা নিয়ে মিরকাত প্রণেতা বলেন, এটি হতে পারে ‘আযাবের মালাকের (ফেরেশতার) আওয়াজ অথবা শাস্তিপ্রাপ্ত ইয়াহূদীদের আওয়াজ কিংবা ‘আযাব সংঘটিত হওয়ার আওয়াজ।
এ হাদীস থেকে কবরে শাস্তির বিষয়টিও প্রমাণিত হয়। সাথে সাথে আরেকটি বিষয় জানা যায় যে, এটি ছিল

রাসূল (সা.) -এর বিশেষ মু'জিযাহ্। কারণ তাঁর কাছে ইয়াহূদীদের কবরের অবস্থা প্রকাশ পেয়েছে। আর সেটি হলো একটি পরজাগতিক বিষয়। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85875

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন